

পাগল বলেছে 'মাগো! হেন মনে লয়।
 এই ঘাটে বসে যেন হ'য়ে যাই লয়।।
 আর দিন অধিকারী সঙ্গেতে আসিল।
 নদীকূলে সেই ঘাটে পাগল বসিল।।
 পাগল বলেছে 'হ'ব এই ঘাটে লয়।
 মনে ভাবি গঙ্গাদেবী লয় কিনা লয়।।'
 বলা কথা করি অধিকারীর সঙ্গেতে।
 বলে 'আর ইচ্ছা নাই এদেশে থাকিতে।।
 সময় সময় মোর উঠে যে বেদনা।।
 অসহ্য হইয়া উঠে বেদনা যাতনা।।
 বেদনায় এ শরীরে নাহি সহে টান।
 মনে বলে এইবার ত্যজিব 'পরাণ'।।
 এসব বারতা তথা বলা কথা করি।
 পরদিন পাগল চলিল নিজবাড়ী।।
 বাড়ী গিয়া জনে জনে বলিল সবা'রে।
 'পশ্চিমে যাইব আমি ভেবেছি অন্তরে।।
 নবগঙ্গা নদী আমি বড় ভালবাসি।
 এইবার যা'ব ফিরে আসি কিনা আসি।।'
 মধুমতী পূর্বপার প্রতি ঘরে ঘরে।
 ভালবাসা যত ছিল বলিল সবারে।।
 সাতই বৈশাখ দিন ফুকুরা আসিয়া।
 অধিকারী ঠাকুরকে বাড়ী না দেখিয়া।।
 রাই দেবরাণী আর মাতা ঠাকুরাণী।
 সবাকারে পাগল বলিল মিস্ত্রবাণী।।
 'মনে মনে করিয়াছিলাম এই ধার্য্য।
 এই ঘাটে আমি করিতাম এক কার্য্য।।
 তাহা না হইল অধিকারী বাড়ী নাই।
 তোমাদের কষ্ট হবে পশ্চিমেতে যাই।।
 সকলে লইয়া নিশি বঞ্চিলেন প্রেমে।
 নিশিভোর করিল মাতিয়া হরিনামে।।
 তারাইল কবিগান করিল তারক।
 সেই স্থানে উপনীত গোস্বামী গোলোক।।

মেলা মিলিয়াছে তারাইলের বাজারে।
 সদলে তারক এল গান গাহিবারে।।
 একপালা হইয়াছে সাতই বৈশাখে।
 আর পালা হইবেক নয়ই তারিখে।।
 গোলোক মাঝির বাড়ী বাসাঘর নিয়া।
 প্রভাতে তারক আছে সেখানে বসিয়া।।
 রামধন কীৰ্ত্তুনীয়া সূর্য্য নারায়ণ।
 উত্তর ঘরের পাশে ব'সে দুইজন।।
 তারক বসিয়া আছে উত্তরের ঘরে।
 হরিনাম করিতেছে মৃদু-মৃদু স্বরে।।
 মন গেছে ওড়াকান্দী উড়িয়ানগরী।
 হরিচাঁদ পদ ভাবি বলে হরি হরি।।
 গোলোক মাঝির বাড়ী গোস্বামী গোলোক।
 একা আসিলেন সঙ্গে নাহি অন্য লোক।।
 'জয় হরিবল রে গৌর হরিবল।'
 হুঙ্কার করি এসে দাঁড়াল পাগল।।
 প্রতিবেশী লোক সব শুনিতো পাইল।
 পাগল দেখিতে সবে দৌড়াইয়া এল।।
 বসেছেন রামধন সূর্য্য নারায়ণ।
 পাগলে দেখিয়া তারা বলে দুইজন।।
 'পাগলে যেরাপ দেখি কৃশ কৃশকায়।
 বেশীদিন বাঁচে হেন বিশ্বাস না হয়।।
 তারক সে কথা শুনি বলিল তখন।
 'বড় মস্মভেদী কথা कहিলে দু'জন।।'
 কথা শুনি গোস্বামী পাগল উঠে ঘরে।
 বসিলেন গিয়া তারকের শয়্যা পরে।।
 তিনঘর বাড়ীতে দক্ষিণ পোঁতা খালি।
 উত্তরের ঘর ছেড়ে দিয়াছে সকলি।।
 ঘরশূন্য পোঁতা আছে বর্ষ চারি পাঁচ।
 পোঁতাঘেরা বনভাঙি আঙ্কলীর গাছ।।
 তাহার দক্ষিণে আম কাঁঠালের বৃক্ষ।
 শাখা শাখা পল্লবে পল্লবে হ'য়ে এক্য।।